



## বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/ ১৩৪০

তারিখ: ২৯/০৯/২০২৪

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের চলমান রেজিস্ট্রেশন কার্যক্রমের সময়সীমা পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের চলমান রেজিস্ট্রেশন কার্যক্রমের সময়সীমা আগামী ০৩/১০/২০২৪ তারিখ পর্যন্ত পুনঃ নির্ধারণ করা হলো। শিক্ষা বোর্ডসমূহের আওতাধীন দেশের সকল উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি ওয়েবসাইট (<https://www.xiclassadmission.gov.bd>) এর (College Login) প্যানেলে (কলেজের ইআইআইএন নম্বর ও পাসওয়ার্ড) দিয়ে লগইন করে আগামী ০৩/১০/২০২৪ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে রেজিস্ট্রেশনের নিমিত্তে প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের তথ্যাদি অনলাইনে প্রেরণের সমুদয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

  
২৯/০৯/২০২৪

প্রফেসর তপন কুমার সরকার

সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চমাধ্যমিক পর্যায়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

